

রূপালী ব্যাংক লিমিটেড
সাধারণ ব্যাংকিং বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

রূপালী ব্যাংক লিমিটেড কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য ০৬/১০/২০২১ তারিখে
অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ ওবায়েদ উল্লাহ আল মাসুদ, ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও এবং
সভাপতি, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটি, রূপালী ব্যাংক লিমিটেড।

তারিখ, সময়, স্থান : ০৬/১০/২০২১ খ্রিষ্টাব্দ, দুপুর - ০৩.০০ ঘটিকা,
পর্যদ সভাকক্ষ, রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয় (৩য় তলা), ঢাকা।

উপস্থিত নির্বাহী কর্মকর্তাবৃন্দ : সদস্যবৃন্দ, নৈতিকতা কমিটি, রূপালী ব্যাংক লিমিটেড।


সভার শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর তিনি মন্ত্রি পারিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির ত্রৈমাসিক নিয়মিত সভা সূচনা করার নির্দেশ প্রদান করেন।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা (জুলাই, ২০২১-জুন, ২০২২) ও চলতি ত্রৈমাসিকে (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) অগ্রগতির পরিবীক্ষণ প্রতিবেদনের অন্তর্ভুক্ত সূচী অনুযায়ী কার্যক্রমের উপর নৈতিকতা কমিটির সদস্যগণ বিষয়ভিত্তিক আলোচনা করেন। সভাপতির আহ্বানে প্রতিটি কার্যক্রম সংশ্লিষ্ট বিভাগের প্রতিনিধি নির্বাহী কর্মকর্তাগণ পরস্পর মতবিনিময় করেন।

সভায় বিষয়ভিত্তিক বিস্তারিত আলোচনার পর সভাপতির অনুমোদনক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

- ০১। অবিলম্বে শুদ্ধাচার সংশ্লিষ্ট পুরস্কার প্রদান নীতিমালা প্রণয়ন এবং উক্ত নীতিমালার আলোকে শুদ্ধাচার পুরস্কার প্রদান বাস্তবায়ন নিশ্চিতকরণের নির্দেশনা প্রদান করা হয়।
- ০২। আউটরিচ প্রশিক্ষণের মাধ্যমে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা বাড়ানোর বিষয়ে আলোচনা করা হয়।
- ০৩। ২০২১-২২ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা অবিলম্বে ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

পরিশেষে সভাপতি মাননীয় ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ ওবায়েদ উল্লাহ আল মাসুদ)
ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও
এবং
সভাপতি, নৈতিকতা কমিটি
রূপালী ব্যাংক লিমিটেড